**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 AUGUST 2026 ,SATURDAY | ২২ আগস্ট ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-259


## শিলিগুড়ির কাওয়াখালি ময়দানে ভারতীয় ন্যায় সংহিতা প্রদর্শনীর উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২১ আগস্ট :** শিলিগুড়ির কাওয়াখালি ময়দানে আয়োজিত ভারতীয় ন্যায় সংহিতা বিষিয়ক প্রদর্শনীর উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ। বৃহস্পতিবার বিকালে এই প্রদর্শনীর উদ্বোধন করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী জানান প্রদর্শনী চলবে চলতি মাসের ছাব্বিশ তারিখ পর্যন্ত। এই কয়দিন বিভিন্ন প্রদর্শনী,নাটক ও আলোচনাসভার মাধ্যমে ভারতীয় ন্যায় সংহিতার পাঁচটি নতুন বিষয় সম্পর্কে সাধারন মানুষকে সচেতন করা হবে। প্রদর্শনীর মাধ্যমে সাধারন মানুষ ভারতের নতুন ফৌজদারি বিচার ব্যবস্থা ও নাগরিক কেন্দ্রিক সংস্কার সম্পর্কে জানতে পারবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ,সাংসদ রাজু বিস্তা , উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নীশিথ প্রামাণিক ,পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ও কেন্দ্রীয় মন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন। প্রদর্শনী উদ্বোধন এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী শিলিগুড়ির অদুরে রাণীডাঙ্গায় সশস্ত্র সীমা বলের অনুষ্ঠানে যোগ দিয়ে সশস্ত্র সীমা বলের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেন ও সশস্ত্র সীমা বলের জওয়ানদের সাথে মত বিনিময় করেন। এই অনুষ্ঠানে তিনি বলেন শিলিগুড়ি করিডরের নিরাপত্তা আরও শক্তিশালী করা, সীমান্ত সুরক্ষা সহ জওয়ানদের কল্যান এবং জাতীয় নিরাপত্তা আরও সুদৃঢ় করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহন করা হয়েছে। তিনি আরও বলেন দুতিন বছর পর আর শিলিগুড়ি থেকে দিল্লী বিমানে যেতে হবেনা, ট্রেনে ই কয়েক ঘন্টায় পৌঁছে যাওয়া যাবে,সেই লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## কোচবিহার জেলা পুলিশ এবং বিএসএফ যৌথভাবে পরিদর্শন করলেন সীমান্ত গ্রাম এলাকা



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২১ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশ সর্বদাই নিরাপদ ও সুরক্ষিত সমাজ গড়তে  তৎপর । আজ কোচবিহার জেলার সাহেবগঞ্জ থানার পুলিশ ও শুকারুরকুঠি BOP-এর BSF জওয়ানরা যৌথভাবে সাহেবগঞ্জ থানার অন্তর্গত সীমান্ত সংলগ্ন গ্রামগুলি পরিদর্শন করেন। এই পরিদর্শনের মূল উদ্দেশ্য ছিল সীমান্ত এলাকায় নিরাপত্তা, পারস্পরিক সমন্বয় ও সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ আরও সুদৃঢ় করা।

# পিএমশ্রী জওহর নবোদয় বিদ্যালয় বারোবিশায় আয়োজিত হচ্ছে নবোদয় বিদ্যালয় গুলির ৩৪ তম জাতীয় কাবাডি প্রতিযোগিতা




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ আগস্ট :** ভারত সরকারের শিক্ষা মন্ত্রকের অধীন নবোদয় বিদ্যালয় সমিতির পি এম শ্রী জওহর নবোদয় বিদ্যালয় গুলির চৌত্রিশতম জাতীয় কাবাডী প্রতিযোগিতা আয়োজিত হতে চলেছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের বারোবিশা পি এম শ্রী জওহর নবোদয় বিদ্যালয় প্রাঙ্গনে। শুক্রবার বারোবিশা পি এম শ্রী জওহর নবোদয় বিদ্যালয় এর ভারপ্রাপ্ত শিক্ষক ডি.কে.তিওয়ারি বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে জানান এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে চলতি মাসের চব্বিশ তারিখ থেকে ছাব্বিশ তারিখ পর্যন্ত। চব্বিশ তারিখ জাতীয় প্রতিযোগিতার উদ্বোধন করবেন পশ্চিমবঙ্গ সরকারের বন ও পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তথা কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও। উপস্থিত থাকবেন আলিপুরদুয়ার এর জেলাশাসক ময়ূরী বাসু,আই. এ.এস, পুলিশ সুপার অমিত কুমার শ, আইপিএস ও নবোদয় বিদ্যালয় সমিতি পাটনা রিজিওনের সহকারী কমিশনার এইচ. এন.পান্ডে সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন। তিনি আরও জানান সারা দেশে নবোদয় বিদ্যালয় সমিতির দশটি রিজিওন আছে। প্রতিটি রিজিওন থেকে ছত্রিশ জন ছেলে ও ছত্রিশ জন মেয়ে প্রতিযোগিতায় অংশ নেবে। এছাড়াও প্রতিটি নবোদয় এর দায়িত্বপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকা, নবোদয় বিদ্যালয় কর্মকর্তাগন সহ রাজ্য কাবাডি কাউন্সিলের প্রতিনিধিরা বিচারক হিসেবে উপস্থিত থাকবেন। প্রতিযোগিতার সমাপ্তি দিবসে সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা ও এইচ এন পান্ডে। এলাকার ক্রীড়াপ্রেমী সহ সর্বস্তরের জনগণকে প্রতিযোগিতায় আমন্ত্রন জানান তিনি। প্রতিযোগিতার ম্যাস্কট করা হয়েছে জলদাপাড়ার এক শৃঙ্গী গন্ডারকে, নাম দেওয়া হয়েছে গব্বর।

# উদ্ধার ব্রাউন সুগার ,গ্রেপ্তার দুই




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২১ আগস্ট :** মালদহ জেলা পুলিশের মালদহ থানার পুলিশ শুক্রবার সকালে বিশ্বস্তসূত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকার ঝাঝরামোড়ে অভিযান চালিয়ে একটি মারুতি সুজুকি ভিটারা গাড়ি সহ দুই জনকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় ১.০৮ কেজি ব্রাউন সুগার। গাড়ী সহ ব্রাউন সুগার বাজেয়াপ্ত করে গ্রেপ্তার করা হয় আটক দুই জনকে।ধৃতদের নাম তাহির শেখ (২৫),পিতা কাইসুদ্দীন শেখ ও সোহিল শেখ(২০),পিতা মৃত মতিউর রহমান, উভয়েই কালিয়াচক থানার গোলাপগঞ্জের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে শুক্রবার আদালতে পেশ করে পুলিশ হেফাজতের আবেদন জানানো হয়। আদালত পুলিশ হেফাজতের আবেদন মঞ্জুর করলে পুলিশ ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# সর্প দংশনে মৃত্যু ছয় বছরের শিশুর ,প্রশ্ন চিকিৎসা ব্যবস্থা নিয়ে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্ত শেষে পরিবারের হাতে তুলে দেওয়া হল ছয় বছরের শিশু জয় বর্মনের মৃতদেহ। বৃহস্পতিবার সন্ধ্যায় ছোট্ট শিশুকে কামড় দেওয়ার পর তাকে যশোডাঙা গ্রামীণ হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসা করা হয়। চিকিৎসার পরেও তার স্বাস্থ্যের অবনতি হওয়ায় তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয় সেখানেই তার মৃত্যু হয়েছে। শুক্রবার তার মৃতদেহ ময়নাতদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। এদিকে যশোডাঙা গ্রামীণ হাসপাতালে তার চিকিৎসার পরেও কিভাবে তার মৃত্যু হল তাই নিয়ে বিস্তর প্রশ্ন দেখা দিয়েছে। যদিও হাসপাতাল সূত্রে জানা গেছে ছোট্ট শিশুকে এভিএস ইনজেকশন দেওয়া হয়েছে। হাসপাতাল সূত্রেই জানা গেছে বিষাক্ত সাপ কামড় দিয়েছিল তাকে তাছাড়া শিশুটির বয়স ৬ বছর। তবে ময়নাতদন্তের রিপোর্ট আসালেই বোঝা যাবে চিকিৎসায় কোন গাফিলতি ছিল কিনা।

# যশোডাঙ্গা ব্লক অফিসে ভাঙচুরের ঘটনায় জড়িত মহিলাদের চিহ্নিত করণের কাজ শুরু হয়েছে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ আগস্ট :** পথ অবরোধ, বিডিওর চেম্বারে ঢুকে চেয়ার টেবিল ফেলে দেওয়ার পর সিভিক ভলেন্টিয়ার কে মারধর সহ ব্লক অফিসের অস্থায়ী কর্মীকে মারধর এর ঘটনায় ব্যাপক উত্তেজনার পাশাপাশি চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গায় । আলিপুরদুয়ার দু নম্বর ব্লক ক্যাম্পাসে রীতিমতো অচল অবস্থা তৈরি হয়েছে শুক্রবার বেলা ১১ টা থেকে। সরকারি কর্মীদের ঘিরে বিক্ষোভের পাশাপাশি পুলিশ অফিসার কে ঘিরে বিক্ষোভ হয়েছে যশোডাঙ্গা ব্লক অফিসে। অন্নপূর্ণার টাকা অ্যাকাউন্টে ঢোকেনি তাই কয়েক হাজার মহিলা ব্লক অফিসে এসে বিক্ষোভ দেখাতে থাকেন শুক্রবার বেলা এগারোটা থেকে। বেলা দুইটা নাগাদ বিক্ষোভ কারীদের একটা বড় অংশ আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়ক অবরোধ করে দেন। ঘটনাস্থলে ছুটে আসে আলিপুরদুয়ার থেকে এস ডি পিও সহ প্রায় ৫০ জন পুলিশ কর্মী। বেলা দুইটা থেকে শুরু হয় পথ অবরোধ। বেলা সাড়ে চারটা পর্যন্ত পথ অবরোধ চলে। শেষ সিদ্ধান্ত অনুযায়ী আগামী সোমবার মহিলারা ব্লক অফিসে আসবেন পুনরায় তাদের কাগজপত্র জমা দিতে। অন্নপূর্ণা ভান্ডারের টাকা ঢুকেনি তাই দফায় দফায় বিক্ষোভ যশোডাঙ্গা ব্লক অফিসে। সমষ্টি উন্নয়ন আধিকারিকের কক্ষের চেয়ার টেবিল উল্টে ফেলে দিয়েছেন মহিলারা। রীতিমতো যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক ব্লক অফিসের মূল ফটক থেকে দৌড়ে গিয়ে মারের হাত থেকে বেঁচেছেন। আত্ম গোপন করেছিলেন যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক থেকে অনেকেই। পুলিশ এবং মহিলাদের ক্ষমতার লড়াই হয়েছে মূল ফটকে। মূল ফটক বন্ধ করে দিয়েছিলেন পুলিশ আর সেই দরজা খুলে ব্লক অফিসের কাগজপত্র ছিড়ে ফেলে বিডিওর চেম্বারে ঢুকে চেয়ার টেবিল উল্টে দিয়েছেন। যদিও বিডিও বৃহস্পতিবারই কলকাতা চলে গেছেন অফিসের কাজে। নিরাপত্তাহীনতায় ভুগছেন সরকারি কর্মী থেকে শুরু করে ব্লক অফিসের বেসরকারি কর্মীরা। মহিলাদের হাতে মার খেয়েছেন দুজন মহিলা সিভিক ভলেন্টিয়ার এবং ব্লক অফিসের এক অস্থায়ী কর্মী। তাদের তিনজনের চিকিৎসা হয়েছে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে। যদিও শামুকতলা থানার পুলিশ টি আর গ্যাস থেকে শুরু করে ঢাল তরোয়াল সবই নিয়ে এসেছিলেন কিন্তু সেগুলি তারা বের করেননি গাড়ি থেকে। নিরাপত্তা হীন তায় ভুগছেন ব্লক অফিসের কর্মীরা। তবে সরকারি আধিকারিকরা বিষয়টি নিয়ে কোনরকম মুখ না খুললেও রীতিমতো তারা আতঙ্কিত অফিসে আসা নিয়ে এমনটাও কানাঘুষা চলছে অফিস কর্মীদের মধ্যে। তবে সূত্র মারফত জানা গেছে লক অফিসের চেয়ার টেবিল ফেলে দেওয়া ভাঙচুর করা কাগজপত্র ছিঁড়ে ফেলার পেছনে কারা রয়েছেন তাদের শনাক্তকরণের কাজ শুরু হয়েছে।

# চাল বোঝাই অটো উল্টে গেল হরিবাড়িতে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ আগস্ট :** চাল বোঝাই অটো উল্টে গেল রাজ্য সড়কের পাশেই। আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের হরিবাড়ি এলাকায় আলিপুরদুয়ার থেকে চাল বোঝাই করে শামুকতলা যাওয়ার পথে এই দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনার কারণ নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে যাতায়াতের একমাত্র ভরসা অটো রিক্সা। একদিকে যেমন অধিকাংশ অটো রিক্সার বৈধ কাগজ নেই অপরদিকে গাড়ির চালকদের লাইসেন্স নেই তবুও বহাল তবিয়তে আলিপুরদুয়ার থেকে শামুকতলা পর্যন্ত অতিরিক্ত যাত্রী নিয়ে যাতায়াত করছে অটোচালকগণ। স্বাভাবিকভাবেই আলিপুরদুয়ার জেলা পুলিশ থেকে শুরু করে শামুকতলা পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে।

# মাদক দ্রব্য সহ গ্রেপ্তার একজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ আগস্ট :** কালচিনি থানার পুলিশ অভিযান চালিয়ে দলসিং পাড়া গনেশ মন্দির সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে গ্রেফতার করে প্রচুর পরিমাণ মাদকদ্রব্য সহ। গোপন খবরের ভিত্তিতে অভিযান চালে গ্রেফতার করা হয় আমির মঙ্গর নামে এক ব্যক্তিকে কালচিনি ব্লক অফিসের সমষ্টি উন্নয়ন আধিকারিক এর উপস্থিতিতে। পুলিশ অভিযুক্তর বিরুদ্ধে এমবিপিএস ধারায় মামলা শুরু করেছে এবং তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে এই চক্রের সঙ্গে আর কে কে জড়িত রয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |